দৈনিক ইত্তেফাক

6

তারিখ NOV. 09 1999
পৃষ্ঠা ৪ কলাম ৫

# লাইব্রেরীতে ভাল বই চাই

বাংলাদেশ ইনষ্টিটিউট অব মেরিন টেকনোলজি। এটি বাংলাদেশ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে অন্যতম। এখানে মোট ৪/৫টি কোর্স আছে। এখান হইতে প্রতি বছর প্রায় সব ছাত্র বিদেশে যায়। এটির (BIMT) প্রচুর সুনাম রহিয়াছে বিদেশে বিশেষ করিয়া সিংঙ্গাপুরে। এই প্রতিষ্ঠান বর্তমানে নানা সমস্যায় জর্জরিত। বর্তমানে এখানে একটি লাইব্রেরী আছে। লাইব্রেরীতে বেশ কিছুসংখ্যক MARINE ENGINE-এর উপর দেশী ও বিদেশী বই আছে। কিন্তু আমাদের এই বইগুলি সেই মান্ধাতার আমলের। এই প্রতিষ্ঠানটি চালু হওয়ার সময় যেই বইগুলি ছিল বর্তমানেও সেই বই। কিন্তু দিন দিন কত বড়, কত উন্নত ও আধুনিক ইঞ্জিন আবিষ্কার হইতেছে। আমরা সেই ইঞ্জিন সম্পর্কে অবগত নই। সেইসব ইঞ্জিন আমাদের অজানা থাকিতেছে। অথচ এখানে মেরিন ইঞ্জিনের উপর ইঞ্জিনিয়ারিং কোর্স। তাই আমরা চাই উর্ধ্বতন কর্মকর্তারা যদি এই বিষয়ের উপর বর্তমানের ভাল ও আধুনিক কিছু বই আমদানি করেন, তাহা হইলে আমরা এবং আমাদের লাইব্রেরী হইবে জ্ঞানসমৃদ্ধ।

শিমুল,
৩১৫, মেরিন ছাত্রাবাস,
বি,আই,ডি,সি,
বন্দর নারায়ণগঞ্জ-১৪১৩